## এস এস সি পরীক্ষা ২০১৭এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলা প্রথম পত্র (সৃজনশীল) — বিষয় কোড: ১০১

**সময় ঃ ২ ঘণ্টা ১০ মি.** — **পূর্ণমান- ৬০**

***[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রন দূষণীয়।]***

১. ▶ পাক হানাদার বাহিনী যখন বাঙালির ওপর নির্মম হত্যাযজ্ঞ চালায়, আগুনে জ্বালিয়ে দেয় গ্রামের পর গ্রাম, আর ধ্বংস করে ছাত্রাবাস, বস্তি, তখন অনেকেই দেশ ছাড়তে বাধ্য হয়— উপায়হীন হয়ে। নদীনালায় ভেসে ওঠে মানুষের বীভৎস দেহ, পচাগন্ধে বাতাস ভারী হয়। ঠিক তখনি, একই পরিবারের অনেক সন্তানই বাবা-মায়ের আশীর্বাদ নিয়ে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল শুধু দেশমাতৃকার জন্য। মনিরুজ্জামান, আসাদ ও মতিউর তেমনি এক পরিবারের সন্তান। মতিউর ছিল আদরের ছোট ভাই, যে পাকিস্তান বিমানে চাকরি করতো, দেশের জন্য বিমান নিয়ে পালিয়ে আসার সময় শহিদ হয় সে।


ক. কে লেখিকার কাছে পাড়া ছাড়ার কথা জানতে চেয়েছিল? ১

খ. 'ভয়টা আসলে মনে'— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিককে উপস্থাপন করেছে তা নিরূপণ কর। ৩

ঘ. 'একাত্তরের দিনগুলি' রচনাটি উদ্দীপকের চেয়ে অনেক বেশি ঘটনাবহুল ও বিস্তারিত— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২. ▶




ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' রচনাটি কোন প্রবন্ধের অংশবিশেষ? ১

খ. 'প্রাণিত্বের বাঁধন' থেকে মুক্তি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের (i) ও (ii) অংশের তুলনা কর। ৩

ঘ. উদ্দীপকের ছকটিতে পাঠ্য রচনার মূল বিষয় ও ভাবের প্রকাশ ঘটেছে— যুক্তিসহ উক্তিটির তাৎপর্য নিরূপণ কর। ৪

Teachingbd.com

৩.▶আমার ভাইপো বলাই তার প্রকৃতিতে কেমন করে যেন গাছপালার সুরগুলোই হয়েছে প্রবল। ছেলেবেলা থেকেই চুপচাপ চেয়ে চেয়ে দেখাই তার অভ্যাস, নড়ে চড়ে বেড়ানো নয়। পূর্বদিকের আকাশে কালো মেঘ স্তরে স্তরে স্তম্ভিত হয়ে দাঁড়ায়। ওর সমস্ত মনটাতে ভিজে হাওয়া যেন শ্রাবণ অরণ্যের গন্ধ নিয়ে ঘনিয়ে আসে।

ক. নীলমনি রায়ের সাথে হরিহর রায়ের কী সম্পর্ক ছিল? ১

খ. তুই ফের এখন বেরিয়েছিলি বুঝি-সর্বজয়া, কেন, একথা বলেছেন? ২

গ. উদ্দীপকের বলাইয়ের সাথে 'আম আঁটির ভেঁপু' গল্পের দুর্গার বৈসাদৃশ্য আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপক ও 'আম আঁটির ভেঁপু' গল্পে প্রকৃতি একটি বড় নিয়ামক— বিশ্লেষণ কর। ৪

## খ অংশ — পদ্য

৪.▶এই পৃথিবী ছেড়ে মানুষ চলে গেলেও প্রকৃতি তার নিজস্ব গতিতে চলতে থাকে অনন্তকাল ধরে। এই দার্শনিক সত্যকে উপলব্ধি করে কবি জীবনানন্দ দাশ লিখলেন—

"আমি চলে যাব বলে
চালতা ফুল কি আর ভিজিবে না শিশিরের জলে
নরম গন্ধের ঢেউয়ে?
লক্ষ্মী পেঁচা গান গাবে নাকি তার লক্ষ্মীটির তরে?
সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে?"

ক. কবি কেমন হৃদয়মাঝে স্থান পেতে চেয়েছেন? ১

খ. 'ধরায় প্রাণের খেলা চিরতরঙ্গিত' বলতে কবি কী বুঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপক ও 'প্রাণ' কবিতা কোনদিক থেকে সাদৃশ্যপূর্ণ তা নির্ণয় কর। ৩

ঘ. 'সাদৃশ্য থাকলেও উদ্দীপক ও 'প্রাণ' কবিতার মধ্যে আদর্শগত পার্থক্য বিদ্যমান'— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৫.▶অপরের কল্যাণের নিমিত্তে নিজের প্রাণ বিসর্জন করতে হবে এমন নয়, তবে অপরের বিপদে অবশ্যই এগিয়ে যেতে হবে এটাই মানবতা। মানবসভ্যতার বিকাশে পৃথিবীতে বিভিন্ন গুণী ব্যক্তি আজীবন কাজ করে গেছেন। উমর ফারুক, চৈতন্যদেব, নেলসন মেন্ডেলা, মাদার তেরেসা, বিজ্ঞানী লুই পাস্তুর উল্লেখযোগ্য। খলিফা উমর ফারুক রাতের অন্ধকারে প্রজাদের সুখ-শান্তি, সুবিধা-অসুবিধা জানার জন্য ছদ্মবেশ ধারণ করে তাদের বাড়ি যেতেন। ধনী-দরিদ্র তাঁর কাছে মুখ্য বিষয় ছিল না, তিনি মনে করতেন— মানুষের কল্যাণে নিজেকে নিয়োজিত রাখাই সত্যিকারের ধর্ম।

ক. 'মানুষ' কবিতায় ক্ষুধার্ত ব্যক্তি কতদিন না খেয়ে ছিল? ১

খ. 'ক্ষুধার ঠাকুর দাঁড়ায়ে দুয়ারে পূজার সময় হলো'— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে 'মানুষ' কবিতার বৈসাদৃশ্যগত দিক নির্ণয় কর। ৩

ঘ. 'সামাজিক উন্নয়নে উমর ফারুকের আদর্শ অবশ্যম্ভাবী'— উদ্দীপক ও 'মানুষ' কবিতার আলোকে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৬.▶যে কোন শোক বুকের কাছে রেখেছি বেঁধে
ভ্রাতৃ-মাতৃ-পিতৃ শোক এমন কিছুই নয়
উপমাবিহীন শোকের নকশী মাঠ
শবদেহ হয়ে চোখের সমুখে আছে।

http://teachingbd.com

শোকের অন্য নাম জানা নেই, স্বাধীনতা জানা আছে
মৃত্যুর কোনো মানে জানা নেই, পতাকা ওড়ানো আছে
জনজোয়ারের ভাষা জানা নেই
দেয়ালে নেতার ছবিই টাঙানো আছে
শোকের অন্য কী নাম দেব, স্বাধীনতা বলে দাও?

ক. স্বাধীনতার জন্য মোল্লাবাড়ির বিধবা কোথায় দাঁড়িয়েছিল? ১
খ. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় সাকিনা বিবি ও হরিদাসী' অনুষঙ্গ ব্যবহারের কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাঙালির বিসর্জনের সাথে 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' কবিতায় উল্লিখিত বাঙালির ত্যাগের তুলনামূলক ব্যাখ্যা কর। ৩
ঘ. 'শোককে শক্তিতে রূপান্তর আর বেদনাকে বিসর্জন দেওয়ার মাধ্যমেই অর্জিত হয়েছে বাঙালির স্বাধীনতা'— উক্তিটি উদ্দীপক ও কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৪

## গ অংশ — সহপাঠ

**৭.** ▶ পাকসেনাদের পথ দেখিয়ে গ্রামের পশ্চিমে হিন্দুপাড়ার দিকে নিয়ে যায় কলিমদ্দি দফাদার। একটি খালের ওপর কাঠের ভাঙা পুল। আতঙ্কিত হয়ে অন্যপথের সন্ধান জানতে চায় পাকবাহিনী। চালাকি করে কলিমদ্দি আগেই পুলের ওপর উঠে পড়ে, ফলে পাকসেনারা আশ্বস্ত হয়, কিন্তু কলিমদ্দির সংকেতে মুক্তিবাহিনীর সদস্যরা গুলি করে পাকসেনাদের নির্মমভাবে হত্যা করে।

ক. মধুকে বুধা কী বলে ডাকতে বলেছিল? ১
খ. আধপোড়া বাজার দেখে বুধার চোখ লাল হয়ে ওঠে কেন? ২
গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিককে উপস্থাপন করেছে তা নিরূপণ কর। ৩
ঘ. 'উদ্দীপকের কলিমদ্দি ও বুধা একই আদর্শের ধারক'— উক্তিটি ব্যাখ্যা কর। ৪

**৮.** ▶ সুমনা গ্রামের স্কুলে পড়ে। পিতা গ্রামের বিত্তবান এক মোড়লের সঙ্গে বিয়ে ঠিক করে তার। পিতার বয়সী মোড়লকে বিয়ে করতে সুমনা রাজি হয় না। সে তার পিতাকে অশিক্ষা ও বাল্যবিবাহের কুফল সম্পর্কে বোঝাতে সক্ষম হয়। অবশেষে সুমনার পিতা নিজের ভুল বুঝতে পারে।

ক. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয়? ১
খ. "কথ্য ভাষা হইল মাঠ-ঘাটের ভাষা, খোদার বাণী বহন করার উপযুক্ততা তাহার নাই।"— কেন? ২
গ. উদ্দীপকের সুমনার সাথে 'বহিপীর' নাটকের তাহেরার বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের মূল বিষয়বস্তু ধারণ করতে পারেনি।"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**৯.** ▶ গ্রামের নাম কামান্না। সাতাশ শহিদ স্মৃতি বিদ্যালয় যেখানে শোভা পাচ্ছে। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে পাকবাহিনীর হাত থেকে দেশকে রক্ষা করার উদ্দেশ্যে সাতাশজন তরুণ ঐ গ্রামের একটি বাড়িতে পরিকল্পনা করে কীভাবে পাকবাহিনীকে হত্যা করা হবে। অত্যন্ত দুঃখের বিষয় ঐ গ্রামের একজন রাজাকার পাকবাহিনীকে পরিকল্পনার কথা জানালে, সেই রাতেই মুক্তিযোদ্ধা তরুণদের নির্মম হত্যার শিকার হতে হয়।

ক. পাকবাহিনীর গুলিতে প্রথমে কে মৃত্যুবরণ করে? ১
খ. 'কাকেরা ভাত খেলে শহিদের মায়েদের বুক জুড়ায়'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের রাজাকারদের ভূমিকা মূল্যায়ন কর। ৩
ঘ. "উদ্দীপকের মুক্তিযোদ্ধা তরুণদের স্বপ্ন সফল না হলেও বাঙালি মুক্তিযোদ্ধাদের সফলতার প্রতীক ক্ষুধা।"— উক্তিটি ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

# এস এস সি পরীক্ষা ২০১৭এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বাংলা **প্রথম** পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা  বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কেউ না শুনলেও কে গল্প বলে?**
(ক) বৃদ্ধরা (খ) কোল বৃদ্ধরা
(গ) কোল শিশুরা (ঘ) মহিলারা

**২. অভাগী কখন মারা যায়?**
(ক) সকালে (খ) দুপুরে
(গ) সন্ধ্যার পূর্বে (ঘ) রাতে

**৩. রোকেয়া সাখাওয়াত হোসেন কাকে মূর্তিমান কাব্য বলেছেন?**
(ক) বাঙালিকে (খ) নারীকে
(গ) গগাকে (ঘ) তাজমহলকে

**৪. 'বন্যেরা বনে সুন্দর' শিশুরা মাতৃক্রোড়ে'-কথাটি দ্বারা 'পালামৌ' প্রবন্ধে কী বোঝানো হয়েছে?**
(ক) মহিষের ফিটে কোল বালকদের শয়ন
(খ) পালামৌ পরগণার প্রাকৃতিক সৌন্দর্য
(গ) কোল জাতির শারীরক সৌন্দর্য
(ঘ) পাহাড় সম্পর্কে বাঙালির মনোভাব

**৫. 'আম আঁটির ভেঁপু' গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত?**
(ক) পথের দাবি (খ) পথের ডাক
(গ) পথের পুঁথি (ঘ) পথের পাঁচালী

**৬. ভারতবর্ষ উপন্যাস হলে বাঙালি কী?**
(ক) নায়ক (খ) নায়িকা
(গ) প্লট (ঘ) আখ্যান

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
সর্দি-কাশিতে বাসক পাতার রস বড়ই উপকারী। জ্বরেও অনেকে সেবন করে উপকার পায়। তাই বাড়িতে বচাড়িতে আজকাল বাসক গাছের বড় যত্ন।

**৭. উদ্দীপকে 'নিম্নগাছ' গল্পের নিমগাছের কোন দিকটির প্রতিফলন দেখা যায়?**
(ক) আকৃতি (খ) অবস্থান
(গ) সৌন্দর্য (ঘ) গুণ

**৮. 'নিমগাছ' গল্পের নিমগাছের সঙ্গে উদ্দীপকের বাসক গাছের পার্থক্য হলো-**
i. যত্নে ii. ওষুধি গুণে
iii. প্রতীকী তাৎপর্যে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৯. 'যা নেই ভারতে তা নেই ভারতে' এখঅনে শোষাক্ত 'ভারত' শব্দটি দ্বারা কী বোঝঅনো হয়েছে?**
(ক) আদি ভারত (খ) মহাভারত
(গ) উত্তর ভারত (ঘ) সমগ্র ভারত

**১০. 'রোয়াক' শব্দের অর্থ কী?**
(ক) ক্ষুদ্র উঠান (খ) জানালা
(গ) বারান্দা (ঘ) পিছনের দরজা

**১১. 'বহিপীর' নাটকে বহিপীর চরিত্রটি কেমন?**
(ক) কল্পনাবিলাসী (খ) বাস্তবজ্ঞানসম্পন্ন
(গ) আরামপ্রিয় (ঘ) আধ্যাত্মিক সাধক

**১২. 'বহিপীর' নাটকে মূলত কোনটি ফুটে উঠেছে?**
(ক) ধনতন্ত্র ও গণতন্ত্রের আগমনী সুর
(খ) সামন্ততন্ত্রের ক্ষয়িষ্ণু অবস্থা
(গ) পলিপ্রথার নেতিবাচক দিক ও বিপ্লব
(ঘ) একান্নবর্তী পরিবারের ভাঙন

**১৩. হাতেম আলীর বজরায় কোন চরিত্রটি ছিল না?**
(ক) চাকর (খ) খোদেজা
(গ) হাতেম (ঘ) হকিকুল্লাহ

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
জাত রক্ষার জন্য অমল চক্রবর্তী তার ছোট মেয়ে শ্রীমতিকে মৃত্যুপথযাত্রী এক বৃদ্ধের সঙ্গে বিয়ে দেন। শ্রীমতিও বাবার সিদ্ধান্তের প্রতিবাদ করে না। বিয়ের কিছু সময় পর সে বৃদ্ধের মৃত্যু হলে শ্রীমতি ও স্বামীর সঙ্গে সহমরণে যায়।

**১৪. উদ্দীপকের কোন বিষয়টি 'বহিপীর' নাটকে অনুপস্থিত?**
(ক) অসম বয়সীদের বিবাহ
(খ) পিতার অনুচিত সিদ্ধান্ত
(গ) বিবাহের পর পাত্রের মৃত্যু
(ঘ) সমকালীন সমাজ-বাস্তবতা

**১৫. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের কোন দিকটিকে স্মরণ করিয়ে দেয়?**
i. নায়িকার পরিণতি
ii. নারীর সামাজিক মর্যাদা
iii. ধর্মীয় সংস্কারের প্রভাব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৬. বুধা ফুলকলিকে নিয়ে কার বাড়িতে গিয়েছিল?**
(ক) খালার (খ) ফুফুর
(গ) চাচার (ঘ) মামার

**১৭. শান্তি কমিটির চেয়ারম্যান কে?**
(ক) আমজাদ (খ) আকবার
(গ) আজাদ (ঘ) আহাদ

**১৮. বুধার বোনের মৃত্যুর কারণ কী?**
(ক) হানাদারের অত্যাচার (খ) রাজাকারে নির্যাতন
(গ) ঘূর্ণিঝড়ের তাণ্ডব (ঘ) রোগের সংক্রমণ

**১৯. 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতার কোন প্রতীকটি মহাভারত থেকে নেওয়া হয়েছে?**
(ক) রক্তগঙ্গা (খ) খাণ্ডবদাহন
(গ) দানবের চিৎকার (ঘ) হরিদাসীর সিঁদুর

**২০. 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো'- কবিতায় উল্লিখিত মাঠটিকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?**
(ক) সবুজ উপত্যকা (খ) হরিৎ উপত্যকা
(গ) স্বর্গীয় উদ্যান (ঘ) ঢাকার হৃদয়'

**২১. 'পল্লিজননী' কবিতায় প্রকাশ পেয়েছে-**
i. মাতৃস্নেহ ii. মৃত্যুর শোক
iii. গ্রামীণ পরিবেশ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

Teachingbd.com

২২. 'জন্মিলে মরিতে হবে অমর কে কোথায় কবে?'৭- এ চিরন্তন সত্যকে অতিক্রম করার প্রচেষ্টা 'প্রাণ' কবিতার কোন চরণে প্রকাশ পেয়েছে?
i. জগতে প্রাণের খেলা চির তরঙ্গিত
ii. মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে
iii. মানবের মাঝে আমি বাঁচিবারে চাই
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৩. 'জানহ স্বামীর নাম নাহি ধরে নারী'-কথাটিতে কী প্রকাশ পেয়েছে?
ⓚ নারীর সীমাবদ্ধতা ⓚ উগ্র সাম্প্রদায়িকতা
ⓖ সামাজিক সংস্কার ⓘ বাঙালির হীনমন্যতা

**নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
'আজ ক্ষুধাতুর শিশু চায় না স্বরাজ চায় দুটো ভাত একটু নুন বেলা বয়ে যায় খায়নিকো বাছা কচি পেটে তার জ্বলে আগুন।'

২৪. উদ্দীপকের শিশুর সঙ্গে 'মানুষ' কবিতার মুসাফিরের সাদৃশ্য কোথায়?
i. ক্ষুধায় ii. তিরস্কারে
iii. প্রত্যাশায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৫. 'মানুষ' কবিতার কোন চরিত্রের আচরণের পরিবর্তন উদ্দীপকের শিশুর অবস্থার পরিবর্তন করতে পারে?
ⓚ মোল্লা সাহেব ⓚ গজনি মামুদ
ⓖ কালাপাহাড় ⓘ চেঙ্গিস

২৬. 'ঝর্ণার গান' কবিতায় 'চন্দ্রমা' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓚ চাতক পাখি ⓚ চকোর পাখি
ⓖ উজ্জ্বল জলধারা ⓘ চাঁদের আলো

২৭. 'বই পড়া' প্রবন্ধে কাব্যকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?
ⓚ আনন্দ ⓚ অমৃত
ⓖ অমিয় ধারা ⓘ স্ফুলিঙ্গ

২৮. নববর্ষ উদযাপনের প্রকৃত মাহাত্ম্য কোথায়?
ⓚ উদার মানবিকতায় ⓚ মুক্তির চেতনায়
ⓖ অসাম্প্রদায়িকতায় ⓘ আত্মশক্তি অর্জনে

২৯. মোতাহের চৌধুরীর গদ্যে কার গদ্যের প্রভাব লক্ষণীয়?
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ মীর মশাররফ হোসেন
ⓘ প্রমথ চৌধুরী

৩০. সৈয়দ শামসুল হক চর্যাপদের কোন উপকরণ থেকে এসেছেন?
ⓚ ধ্বনি ⓚ বর্ণ
ⓖ অক্ষর ⓘ পঙক্তি

৩১. সাহসী জননী কে?
ⓚ বাংলা ⓚ সমতট
ⓖ গঙ্গা ⓘ মেঘনা

**নিচের উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**
দুর্নীতিদমন কমিশনের সহকারী পরিচালক কিবরিয়া সাহেব প্রাতিষ্ঠানিক দায়িত্বের বাইরেও তার বন্ধু-বান্ধবদের দুর্নীতি ও অসৎ কাজ থেকে দূরে থাকার পরামর্শ দেন। বিনিময়ে এসব মানুষ থেকে তিনি পান শুধু ব্যঙ্গ-বিদ্রুপ আর তিরস্কার। কিন্তু এতে তিনি মোটেই বিচলিত বা উত্তেজিত হন না।

৩২. কিবরিয়া সাহেবের চরিত্রে মহানবীর কোন গুণটি লক্ষ করা যায়?
ⓚ মানবিকতা ⓚ উদারতা
ⓖ অধ্যবসায় ⓘ সহনশীলতা

৩৩. কিবরিয়া সাহেবের উক্ত গুণটি মহানবীর কোন বাণীতে প্রকাশ পেয়েছে?
ⓚ আমি রাজা নই, সম্রাট নই, মানুষের প্রভু নই
ⓚ এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা করো
ⓖ আজ তোমরা সবাই স্বাধীন, সবাই মুক্ত
ⓘ আমি তোমাদেরই মতো একজন মানুষ মাত্র

৩৪. নিচের কোনটি অমঙ্গলের প্রতীক?
ⓚ হুতুমের ডাক ⓚ কানাকুয়োর ডাক
ⓖ বুনো মশকের গান ⓘ কাফন রূপী কুয়াশা

৩৫. ভারতচন্দ্র রায়গুণাকারের গ্রামের নাম কী?
ⓚ পেঁড়ো ⓚ এঁটো
ⓖ নিমতা ⓘ চিলতা

৩৬. অন্ধবধূর পায়ের তলায় নরম অনুভব করার কারণ কী?
ⓚ কাদা ⓚ ফুল
ⓖ পাকা ফল ⓘ পতঙ্গ

৩৭. মাইকেল মধুসূদন দত্ত কপোতাক্ষ নদের কলধ্বনি শুনতে পান-
ⓚ নিরিবিলিতে ⓚ নিজগ্রামে
ⓖ স্বদেশে ⓘ প্রবাসে

৩৮. 'প্রাণ' কবিতায় প্রকাশ পেয়েছে-
i. অমরত্বের বাসনা ii. অমরত্বের উপায়
iii. মহৎ সাহিত্য রচনার আকাঙ্ক্ষা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৯. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় উল্লিখিত ধানের পাতা কেমন?
ⓚ শ্যামল ⓚ চঞ্চল
ⓖ চিরল ⓘ মসৃন

৪০. 'নকশী কাঁথার মাঠ' কাব্যটির কবির নাম কী?
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ জসীমউদ্দীন ⓘ ফররুখ আহমদ

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | গ |

Teachingbd.com